

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৫৪]

- ৯. নামাযের সময় (كتاب مواقيت الصلاة)
- পরিচ্ছেদঃ আসরের নামাযের ফজীলত

باب فَضلْ صَلاَةِ الْعُصرْ

আরবী

الله عَنْ جَرِيرٍ قَالَ: كُنَّا عِنْدَ النَّبِيّ ، فَنَظَرَ إِلَى الْقَمَرِ لَيْلَةً ، فَقَالَ إِنَّكُمْ سَتَرَوْنَ رَبَّكُمْ كَمَا تَرَوْنَ هَذَا الْقَمَرَ ، لا تُضَامُّونَ فِي رُوْيَتِهِ ، فَإِنِ اسْتَطَعْتُمْ أَنْ لا تُغْلَبُوا عَلَى صَلاةٍ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا فَافْعَلُوا . ثمَّ قَرَأً: ﴿وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ الْغُرُوبِ ﴾ . (بخارى: [[]]

বাংলা

৩৩৭) জারির বিন আব্দুল্লাহ হতে বর্ণিত, তিনি বলেনঃ আমরা একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ছিলাম। তখন রাতের বেলায় চন্দ্রের দিকে তাকিয়ে তিনি আমাদেরকে লক্ষ্ম করে বললেনঃ কোন রকম অসুবিধা ছাড়াই তোমরা যেমন এই চন্দ্রটিকে দেখতে পাচ্ছ অচিরেই সেভাবে তোমরা তোমাদের প্রভুকে দেখতে পাবে। সুতরাং তোমাদের যদি সামর্থ থাকে যে, সূর্য উদয় এবং অস্তের পূর্বের নামায হতে কোন বস্তুই তোমাদেরকে পরাভুত করতে পারবেনা তাহলে উক্ত নামাযদ্বয়কে তোমরা যথাসময়ে আদায় কর। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুরআনের এই আয়াতটি পাঠ করলেনঃ

"তুমি সূর্যোদয় ও সূর্যান্তের পূর্বে পবিত্রতার সাথে তোমার প্রভুর প্রশংসা বর্ণনা কর"। (সূরা কাফঃ ৩৯)

English

Superiority of the 'Asr prayer

Narrated Qais:

Jarir said, "We were with the Prophet (ﷺ) and he looked at the moon--full-



moon--and said, 'Certainly you will see your Lord as you see this moon and you will have no trouble in seeing Him. So if you can avoid missing (through sleep or business, etc.) a prayer before the sunrise (Fajr) and a prayer before sunset (`Asr), you must do so.' He then recited Allah's Statement: And celebrate the praises Of your Lord before the rising of the sun and before (its) setting." (50.39) Isma`il said, "Offer those prayers and do not miss them."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ জারীর ইবনু আবদুল্লাহ আল বাজলী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন